**ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন**

**নির্বাচন অগ্রাধিকার**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৪২

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষে পর্যবেক্ষক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যুকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের দিন ভোটকেন্দ্রে প্রবেশে বিধি-নিষেধ রয়েছে এবং সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটার ও নির্বাচন কমিশনের অনুমোদিত পরিচয়পত্রধারীরাই ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারেন।. স্থানীয় পর্যবেক্ষকদের জন্য মাননীয় কমিশন কর্তৃক অনুমোদিত "নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫" রয়েছে; যা মেনে পর্যবেক্ষকদের নির্বাচন পর্যবেক্ষণ করতে হবে।

০২। নির্বাচন পর্যবেক্ষণে ইচ্ছুক স্থানীয় পর্যবেক্ষকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যুর জন্য নির্বাচন কমিশন হতে (https://pr.ecs.gov.bd/) ওয়েব পোর্টাল তৈরি করা হয়েছে। নির্বাচন কমিশনে নিবন্ধিত ৮১টি পর্যবেক্ষক সংস্থার কেন্দ্রীয়ভাবে ৭,৯৯৭ জন এবং স্থানীয়ভাবে সংসদীয় আসনভিত্তিক ৪৭,৪৫৭ জনসহ সর্বমোট ৫৫,৪৫৪ জন পর্যবেক্ষককে নির্বাচন পর্যবেক্ষণের জন্য অনুমতি প্রদান করা হয়েছে। অনুমোদিত পর্যবেক্ষকদের প্রত্যেককে আলাদা আলাদাভাবে (Individually) উক্ত পোর্টালে প্রবেশ করে আগামী **০৩ ফেব্রুয়ারি ২০২৬** তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাই করে অনুমোদন করার পর আবেদনকারী পর্যবেক্ষকগণ অনলাইন হতে কার্ড ও স্টিকার ডাউনলোড করে মুদ্রণ করতে হবে।

০৩। কেন্দ্রীয় পর্যবেক্ষকদের কার্ড ও গাড়ির স্টিকার নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা হতে এবং সারাদেশের স্থানীয়/ আসনভিত্তিক পর্যবেক্ষকদের কার্ড ও গাড়ির স্টিকার সংক্রান্ত অনলাইন আবেদনসমূহ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা তাঁর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অনুমোদন করবেন। এজন্য ইতোমধ্যে (https://pr.ecs.gov.bd/) পোর্টালে রিটার্নিং অফিসারদের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরি করা হয়েছে।

০৪। https://pr.ecs.gov.bd/ পোর্টালে প্রবেশ করে আবেদন সম্পন্ন করতে হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত ফরমেট ও সাইজ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করতে হবে-

- আবেদনকারীর ছবি: 300×300 pixel, JPG/PNG, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- স্বাক্ষর: 300×80 pixel, JPG/PNG, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- NID কার্ড : JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- HSC/সমমান সার্টিফিকেটের কপি: JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
- সংস্থা প্রধান/নির্বাহী প্রধানের মনোনয়ন পত্র: JPG/PNG/PDF, 200 KB এর মধ্যে হতে হবে (আবশ্যিক)
  (ছবি ও স্বাক্ষরের ব্যাকগ্রাউন্ড পরিষ্কার করলে কার্ডে স্বাক্ষর সুন্দরভাবে প্রদর্শিত হবে)।

০৫। নির্বাচনি এলাকা ও ভোটকেন্দ্রে পর্যবেক্ষকদের নিম্নোক্ত নির্দেশাবলী মেনে চলতে হবে-

- কেন্দ্রীয় বা স্থানীয় পর্যবেক্ষকগণ নির্বাচন পর্যবেক্ষণের সময় পর্যবেক্ষক পরিচিতি কার্ড সার্বক্ষণিকভাবে ঝুলিয়ে রাখবেন যাতে তা সকলের নিকট দৃশ্যমান হয়;
- পর্যবেক্ষকগণ নির্বাচন পর্যবেক্ষণের সময় অবশ্যই ভোটারের ভোট প্রদানের অধিকারের প্রতি সচেতন থাকবেন এবং নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশনের কর্মকর্তাদের কাজে যাতে বিঘ্ন সৃষ্টি না হয় সেই বিষয়ে মনোযোগী থাকবেন। পর্যবেক্ষকগণ নির্বাচনি প্রক্রিয়ায় কোন ধরনের হস্তক্ষেপ করতে পারবেন না। যেখানে অবস্থান করলে নির্বাচন প্রক্রিয়ায় কোন বাঁধার সৃষ্টি হবে না ভোটকেন্দ্রের ভিতর এমন কোন জায়গায় স্বল্পসময়ের জন্য অবস্থান করে নির্বাচন পর্যবেক্ষণ করতে পারবেন;
- কোন অবস্থাতেই কোন পর্যবেক্ষক ভোট প্রদানের গোপন কক্ষে (marking place) প্রবেশ করতে পারবেন না;
- প্রত্যেক পর্যবেক্ষক পর্যবেক্ষণ কাজে স্বার্থের সংঘাত কিংবা অন্য পর্যবেক্ষক সংস্থার পর্যবেক্ষকের অসঙ্গত আচরণ সম্পর্কে তার নিয়োগকারী সংস্থাকে অবহিত করবেন।
- গণতান্ত্রিক ব্যবস্থায় নির্বাচন অনুষ্ঠানে সহায়তা করার লক্ষ্যে সংবিধান, নির্বাচন সংশ্লিষ্ট আইন ও বিধি বিধান অনুসরণ করবেন;

(অপর পাতায় দ্রষ্টব্য)

- নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজে হস্তক্ষেপ করা যাবে না;
- কোন প্রকার নির্বাচনি উপকরণ স্পর্শ বা অপসারণ করা যাবে না;
- পর্যবেক্ষণের সময় সম্পূর্ণ পক্ষপাতহীনতা বা নিরপেক্ষতা বজায় রাখা এবং এমন কোন আচরণ প্রদর্শন না করা যাতে কোন পর্যবেক্ষক কোন রাজনৈতিক দলের সদস্য বা প্রার্থীর সমর্থক হিসাবে চিহ্নিত হন;
- নির্বাচনে প্রার্থী বা কোন রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে পরিচয় বা চিহ্ন বহনকারী কোন কিছু পরিধান, বহন অথবা প্রদর্শন করা হতে বিরত থাকতে হবে;
- কোন রাজনৈতিক দল, প্রার্থী বা তার এজেন্ট, নির্বাচনের সাথে জড়িত কোন সংস্থা অথবা ব্যক্তির নিকট হতে কোন উপহার গ্রহণ বা ক্রয়ের চেষ্টা, সুবিধা গ্রহণ বা গ্রহণে উৎসাহিত করা হতে বিরত থাকবেন;
- নির্বাচন চলাকালীন পর্যবেক্ষকগণ মিডিয়ার সম্মুখে এমন কোন মন্তব্য করবেন না, যা নির্বাচন প্রক্রিয়াকে ব্যাহত বা প্রভাবিত করতে পারে।

০৬। কার্ড অনুমোদনের পূর্বে রিটার্নিং অফিসারের করণীয় :
প্রত্যেক অনুমোদনকারী ইউজার এডমিন প্যানেলে লগইন করার পর সাইড বারে এডমিন প্রোফাইল অপশনে ক্লিক করে স্বাক্ষর বাধ্যতামূলকভাবে সংযুক্ত করতে হবে। স্বাক্ষর অবশ্যই 300x80 pixel এর মধ্যে হতে হবে। স্বাক্ষর সংযুক্ত না করে কোন অবস্থাতেই আবেদন অনুমোদন করা যাবে না। এ সংক্রান্ত ইউজার ম্যানুয়েল সংযুক্ত করা হলো। প্রত্যেক রিটার্নিং অফিসারকে এডমিন ইউজার আইডি ও পাসওয়ার্ড ই-মেইলে প্রেরণ করা হবে। স্ব-স্ব আইডিতে লগইন করার পর পাসওয়ার্ড পরিবর্তন করে নিতে হবে।

০৭। নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫ মেনে অনুমোদিত পর্যবেক্ষক সংস্থার পর্যবেক্ষকগণকে ভোটগ্রহণের ০৩ দিন পূর্বে পরিচয়পত্র ও গাড়ির স্টিকার অনুমোদন/ সরবরাহ করতে হবে।

০৮। ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণের সময় পর্যবেক্ষকদের বিষয়ে নির্দেশনাসমূহ জানিয়ে দিতে হবে। উপরোল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। .

সংযুক্তি: (১) নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫;
(২) মাননীয় কমিশন কর্তৃক অনুমোদিত স্থানীয় পর্যবেক্ষকদের নির্বাচনি এলাকাভিত্তিক তালিকা;
(৩) ইউজার ম্যানুয়েল ০২ পাতা।

২৬/০১/২৬

( মোঃ রুহুল আমিন মল্লিক )
পরিচালক (জনসংযোগ)
মোবাইল : ০১৭১৫২৯৫০৪৬ (হোয়াটসঅ্যাপ)
e-mail : dirpr@ecs.gov.bd

প্রাপক,
১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক......................(সকল) ও রিটার্নিং অফিসার।

নং- ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০৬.২৫-১৪২

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

০১। বিভাগীয় কমিশনার, .................................... (সংশ্লিষ্ট);
০২। উপ মহাপুলিশ পরিদর্শক, ,.................................. (সকল);
০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ..................(সংশ্লিষ্ট);
০৪। পুলিশ সুপার, ,................................... (সকল);
০৫। সিনিয়র জেলা/ জেলা নির্বাচন অফিসার, ,.................(সকল) [পত্রের অনুলিপি সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহের অনুরোধসহ];
০৬। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৭। মাননীয় নির্বাচন কমিশনার জনাব .........................................., এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৯। সহকারী রিটার্নিং অফিসার... ... ... ... ... ... ....(সকল), গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬;
১০। উপেজলা/থানা নির্বাচন অফিসার, ....................................(সকল);
১১। অফিসার-ইন-চার্জ, ........................................... (সকল) থানা;
১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩। নিবন্ধিত পর্যবেক্ষক সংস্থার প্রধান... ... ... ... ... ... ... ....(সকল)।

২৬/১/২৬

( মোঃ আশাদুল হক )
সহকারী পরিচালক (জনসংযোগ)